

কম্পিউটারে বাংলা ভাষার ১৫ বছর পালিত

আজ বৃহস্পতিবার ১৬ মে আনন্দ কম্পিউটার্সের মতিঝিলস্থ কার্যালয়ে কম্পিউটারে বাংলা ভাষার ১৫ বছর পূর্তি উপলক্ষে একটি অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কম্পিউটারে বাংলা ভাষার প্রবর্তক ও বিজয় কিবোর্ডের উদ্ভাবক মোস্তাফা জব্বার কম্পিউটারে বাংলা ভাষার জন্মদিন লেখা একটি কেক কেটে মুহূর্তটি স্মরণ করেন। উল্লেখ করা যেতে পারে যে, ১৯৮৭ সালের ১৬ মে মোস্তাফা জব্বার নিজের সম্পাদিত সাপ্তাহিক আনন্দপত্র প্রকাশ করে কম্পিউটারে বাংলা ভাষার প্রচলন করেন। সেটিই ছিল কম্পিউটারে প্রকাশিত প্রথম বাংলা পত্রিকা। বিগত ১৫ বছরে দেশ-বিদেশে কম্পিউটারের বাংলা ব্যবহারের এক বিপ্লবের সূচনা হয় আনন্দপত্র প্রকাশের পর থেকে। মোস্তাফা জব্বার স্মরণ করেন যে, এর ফলে আনন্দ কম্পিউটার্স দেশে ৪০ হাজার শিক্ষিত লোকের কর্মসংস্থান করার ক্ষেত্র প্রস্তুত করেছে। আনন্দ নিজেই বিগত ১৫ বছরে ১৫ হাজার লোককে এই খাতে প্রায় বিনামূল্যে প্রশিক্ষণ দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করেছে বলেও মোস্তাফা জব্বার স্মরণ করেন। অনুষ্ঠানে আনন্দ মাস্টিমিডিয়ায় দেশব্যাপী ক্যাম্পাসের পরিচালকবৃন্দ এবং আনন্দ কম্পিউটার্সের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এলিফ্যান্ট রোডে সেমিনার : আগামী ২৪ মে বিকাল ৩টায় আনন্দ মাস্টিমিডিয়ায় উদ্যোগে আনন্দ মাস্টিমিডিয়ায় এলিফ্যান্ট রোড ক্যাম্পাসে মাস্টিমিডিয়া প্রোগ্রামিং, ডিজিটাল ভিডিও এবং ২ডি-৩ডি এনিমেশন বিষয়ক একটি সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে বক্তব্য রাখবেন আনন্দ মাস্টিমিডিয়ায় প্রধান নির্বাহী ও দেশের বরেণ্য আইটি বিশেষজ্ঞ মোস্তাফা জব্বার। ৬৮ এলিফ্যান্ট রোড (দোতলা), ঢাকা ১২০৫, ফোন ০১৭৫৩০৪৫২ এবং ১৮৮ মতিঝিল সার্কুলার রোড, ঢাকা-১০০০, ফোন ৭১০২৫২৭ ঠিকানায় ১০ টাকার ফিস প্রদান করে রেজিস্ট্রেশন গ্রহণ করে সেমিনারে অংশ নেওয়া যাবে।

চট্টগ্রামে ফ্রি ক্লাস : আগামী ২৫ মে আনন্দ মাস্টিমিডিয়ায় চট্টগ্রাম ক্যাম্পাসে এপ্রিল ২০০২ বিকাল ৪টায় আনন্দ মাস্টিমিডিয়া চট্টগ্রাম ক্যাম্পাসে মাস্টিমিডিয়া প্রোগ্রামিং, ডিজিটাল ভিডিও এবং ২ডি-৩ডি এনিমেশন বিষয়ক একটি সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে বক্তব্য রাখবেন আনন্দ মাস্টিমিডিয়ায় প্রধান নির্বাহী, বিজয় বাংলা সফটওয়্যারের উদ্ভাবক ও দেশের বরেণ্য আইটি বিশেষজ্ঞ মোস্তাফা জব্বার। রেজিস্ট্রেশন করার জন্য যোগাযোগ করুন ৮৭০ শেখ মুজিব রোড, চট্টগ্রাম, ফোন ০৩১-৭১১২২০৭, ০৩১-৭১২২৫৪ ফোন নম্বরে।